Connecticut Birth to Three System

একটি ফ্যামিলি হান্ডবুক

গাইড 2: উপযুক্ত শিশুদের পরিবারের সহায়তার জন্য ওরিয়েন্টেশন

এই হ্যান্ডবুকটি সহ অন্যান্যগুলো পাওয়া যায় এখানে **www.birth23.org**।

CT Birth to Three System হলো একটি CT Office of Early Childhood (OEC, সিটি অফিস অভ আর্লি চাইল্ডহুড) এর একটি বিভাগ।

সার্ভিস কোঅর্ডিনেটর কী এবং আমি কী আশা করতে পারি?

একজন সার্ভিস কোঅর্ডিনেটর হলেন আপনার Birth to Three টিমের এমন একজন যিনি আপনার এবং আপনার পরিবারের প্রয়োজন হতে পারে এমন কোনো রিসোর্স চিহ্নিত করতে সাহায্য করবেন। তারা আপনার সন্তান এবং পরিবারকে সহায়তার জন্য উপলভ্য বিভিন্ন ব্যক্তি, তথ্য এবং রিসোর্সগুলোকে একত্রিত করার জন্য দায়িত্বপালন করেন। সার্ভিস কোঅর্ডিনেটর আপনার যেকোনো প্রশ্নের উত্তর দেওয়ার জন্য এবং প্রথমে যা বিভ্রান্তিকর বলে মনে হতে পারে তা আরো বোধগম্য করে তোলার জন্য রয়েছেন।

আপনার সার্ভিস কোঅর্ডিনেটরের প্রাথমিক হস্তক্ষেপ (আর্লি ইন্টারভেশন) সহায়তা প্রদানে দক্ষতা রয়েছে (যেমন শারীরিক থেরাপি বা কথা বলা এবং ভাষা সহায়তা); এবং সিটি Birth to Three System পরিষেবাতে সমন্বয়কারী হিসাবে প্রত্যয়িত হওয়ার জন্য অতিরিক্ত প্রশিক্ষণ সম্পন্ন করেছেন। আপনার পরিবারের চিহ্নিত অগ্রাধিকারের কথা মাথায় রেখে, তারা যা করবেন:

- বিভিন্ন উৎস থেকে পরিষেবা, সহায়তা এবং তথ্য সমন্বয় করতে সহায়তা
- আপনার পরিবারের দৈনন্দিন রুটিন এবং কার্যকলাপের সময় আপনার সন্তানকে নতুন দক্ষতা শেখানোর উপায় সম্পর্কে আপনার সাথে কথা বলা
- আপনার সন্তান সম্পর্কে আপনার প্রশ্নগুলোর উত্তর খুঁজে পেতে সাহায্য করা
- অন্যান্য পরিবারের সাথে সংযোগ করার সুযোগ খুঁজে পেতে আপনাকে সাহায্য করা
- আপনার সন্তান এবং পরিবারের সাথে সম্পৃক্ত অন্যান্য বিশেষজ্ঞদের সাথে কথা বলতে সাহায্য করে থাকে যেমন মেডিকেল প্রোভাইডার এবং চাইল্ড কেয়ার স্টাফ
- সহায়ক স্টেট এবং কমিউনিটির রিসোর্সের তথ্য প্রদান করা
- প্রি-স্কুলে উত্তরণ (ট্রানজিশন) বা আপনার পছন্দের অন্যান্য কমিউনিটি সমর্থিত সহায়তা

আপনার সার্ভিস কোঅর্ডিনেটর হলেন আপনার Birth to Three দলের ব্যক্তি যিনি আপনার সাথে ঘনিষ্ঠভাবে কাজ করবেন। আপনি ও সার্ভিস কোঅর্ডিনেটর দুজেনই হলেন দলের সহ-অধিনায়ক এবং এক্ষেত্রে আপনার দলের অতিরিক্ত সদস্যরা অন্যান্য প্রাথমিক হস্তক্ষেপ প্রদানকারী, আপনার সন্তানের চাইল্ড কেয়ার প্রোভাইডার এবং আপনার সন্তানের ডাক্তারকে অন্তর্ভুক্ত করতে পারেন। আপনার সার্ভিস কোঅর্ডিনেটর আপনাকে প্রাথমিক হস্তক্ষেপ ব্যবস্থার মাধ্যমে গাইড করবে এবং আর কোনো সহায়তার প্রয়োজন না হলে বা আপনার সন্তান তিন বছর বয়সী হলে গেলে এটি ছেড়ে যাওয়ার জন্য আপনাকে প্রস্তুত করে তুলবে।

IFSP কী?

আপনার Individual Family Service Plan (IFSP, ইন্ডিভিজুয়াল ফ্যামিলি সার্ভিস প্ল্যান) হলো আপনার এবং Birth to Three প্রোগ্রামের মধ্যেকার একটি চুক্তি যা আপনার সন্তান এবং পরিবারকে প্রাথমিক হস্তক্ষেপ পরিষেবা এবং সহায়তা প্রদান করে। আপনার পরিকল্পনা হলো একটি আইনি নথি যা আপনার দলের প্রত্যেককে বুঝতে সাহায্য করার জন্য সাজানো হয়েছে, যেখানে কী ঘটতে যাচ্ছে; কে বা কারা সম্পৃক্ত হতে যাচ্ছে; এবং কখন এবং কোথায় সহায়তা করা হবে এবং কতদিনের জন্য। আপনি এবং আপনার দল (আলাদা শাখার অন্তত দুইজন ব্যক্তি, যাদের মধ্যে একজন আপনার সার্ভিস কোঅর্ডিনেটর হতে হবে) এটি এখনও আপনার অগ্রাধিকারের সাথে খাপ খায় কি না এবং আপনার সন্তানের এবং আপনার পরিবারের চাহিদার সাথে খাপ খায় কি না তা নিশ্চিত করতে অন্তত প্রতি ছয় মাসে বা যতবার প্রয়োজন ততবার IFSP পর্যালোচনা করবেন।

IFSP মিটিং কী?

আপনি বা আপনার পিতামাতা(গণ) বা কেয়ারগিভার(গণ) হিসাবে এবং আপনার সার্ভিস কোঅর্ডিনেটরকে অবশ্যই সকল IFSP মিটিংয়ে উপস্থিত থাকতেই হবে। প্রথম IFSP মিটিংয়ে এমন একজন প্রোভাইডারও থাকবে যিনি আপনার সন্তানের উন্নয়নমূলক মূল্যায়ন এবং মূল্যায়ন তথ্য সংগ্রহ করতে এবং সম্পূর্ণ করতে সাহায্য করেছেন। আপনি অন্যদের মিটিংয়ে যোগদানের জন্য আমন্ত্রণ জানাতে পারেন, যেমন পরিবারের সদস্য, আপনার চাইল্ড কেয়ার প্রোভাইডার এবং যেকোনো বন্ধু বা অন্যান্য প্রোভাইডার যাকে আপনি সম্পৃক্ত থাকতে হবে বলে মনে করেন। যদি তারা উপস্থিত হতে না পারে, তবে তাদের তথ্য এখনও শেয়ার করা যাবে এবং পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা যেতে পারে। আরেকজন গুরুত্বপূর্ণ ব্যক্তি হলেন আপনার সন্তানের প্রাইমারি হেলথ কেয়ার প্রোভাইডার (PHCP), যার সাথে তাদের ইনপুটের জন্য যোগাযোগ করা হবে।

আপনি এবং আপনার পরিবারের সদস্যরা IFSP মিটিংয়ে যত বেশি যুক্ত থাকবেন, আপনার পরিকল্পনা তত বেশি অর্থবহ হবে। আপনার কাছে কী গুরুত্বপূর্ণ এবং আপনার সন্তানের কী প্রয়োজন হবে তা শেয়ার করুন। আপনার সন্তানের বর্ণনা করা মূল্যায়ন এবং মূল্যায়ন সম্পর্কে আপনার যেকোনো প্রশ্ন জিজ্ঞাসা করুন।

আপনার সন্তান এবং পরিবার সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য

- আপনার সন্তান কী পছন্দ করে? কোনটা অপছন্দ করে?
- আপনার সন্তানকে কোনটা হতাশ করে?
- আপনি ইতোমধ্যে আপনার সন্তানের হতাশার বিষয়ে সাহায্য করার জন্য কী কী চেষ্টা করেছেন?
- আপনার শিশু দিনের বেলা কী করে?
- আপনার জীবনে বা আপনার সন্তানের জীবনে কি কোনো উল্লেখযোগ্য পরিবর্তন আছে যা আপনার সন্তানের আচরণগত পরিবর্তনে অবদান রাখতে পারে?
- পরিবার হিসাবে আপনি সেখানে কী করতে পছন্দ করেন? বন্ধুদের সাথে?
- আপনি কোনো ব্যক্তি এবং প্রতিষ্ঠানকে সহায়ক বলে মনে করেন?
- আপনার সন্তানের চাহিদা পূরণে আপনার পরিবারের শক্তি কী?
- আপনার সন্তান বা পরিবার সম্পর্কে দলের কাছে আর কী জানতে চান?

আপনি এবং আপনার পরিবার সহ দলের সকল সদস্য IFSP উন্নয়নের জন্য একসাথে কাজ করবে। এটি তথ্য পর্যালোচনা করে, পছন্দ তৈরি করে এবং IFSP ফলাফলের উন্নয়ের মাধ্যমে করা হবে। ফলাফলগুলো হলো সেই সকল পরিবর্তন যা আপনি এবং আপনার পরিবার আপনি অর্জনের জন্য কাজ করতে চাওয়ার জন্য সিদ্ধান্ত নিয়েছিলেন। এই আলোচনার সময়, আপনি সেই ফলাফলগুলোতে পৌঁছানোর জন্য যে ক্রিয়াকলাপগুলো ব্যবহার করবেন তার পরামর্শ দিতে পারেন। এছাড়াও আপনি ক্রিয়াকলাপ এবং প্রাথমিক হস্তক্ষেপ পরিষেবাগুলোর বিষয়ে সিদ্ধান্ত নেবেন যা আপনার সন্তান এবং পরিবারের জন্য আপনার ফলাফলকে সমর্থন করবে।

Disabilities Education Act (IDEA, প্রতিবন্ধী ব্যক্তিদের শিক্ষা আইন), পার্ট C (আর্লি ইন্টারভেনশন) এর অধীনে সহায়তা এবং পরিষেবা

আপনার প্রাইমারি সার্ভিস প্রোভাইডার (সম্ভবত আপনার সার্ভিস কোঅর্ডিনেটরও) অন্যান্য দলের সদস্যদের সহায়তায় নিম্নলিখিত সহায়তা এবং পরিষেবাগুলোতে সহায়তা করতে পারে:

- সহকারী প্রযুক্তি
- কিউড ভাষা (যোগাযোগের একটি পদ্ধতি যেখানে একজন বক্তা হাতের অঙ্গভঙ্গি দিয়ে সম্ভাব্য অস্পষ্ট মুখের নড়াচড়া স্পষ্ট করে শ্রোতাকে সাহায্য করার জন্য ম্যানুয়াল ইঙ্গিতের একটি সিস্টেম ব্যবহার করেন)
- পারিবারিক প্রশিক্ষণ, কাউন্সেলিং এবং হোম ভিজিট
- স্বাস্থ্য
- নার্সিং
- পুষ্টি
- অকুপেশনাল থেরাপি (OT)
- ফিজিকাল থেরাপি (PT)
- মানসিক সহায়তা
- সার্ভিস কোঅর্ডিনেশন
- সাইন ল্যাংগুয়েজ
- সামাজিক কাজ
- বিশেষায়িত নির্দেশনা
- কথা বলা এবং ভাষা
- অন্যান্য IFSP শনাক্তকৃত সহায়তা পাওয়ার জন্য প্রয়োজন হলে পরিবহন বা মাইলেজ পুন:পরিশোধ
- দৃষ্টি এবং গতিশীলতা

আইডিয়া, পার্ট C এর অধীনে পিতামাতার অধিকার এবং পেমেন্ট সিস্টেম বোঝা

ফেডারেল আইনের অধীনে, আপনাকে অবশ্যই নির্দেশ করতে হবে যে আপনি আপনার অধিকারগুলো বোঝেন এবং পরিষেবাগুলো শুরু করার আগে অনুমতি দেন। IFSP-তে আপনার স্বাক্ষর নির্দেশ করবে যে আপনি IFSP এর সাথে সম্পূর্ণ একমত। অন্যদের বিষয়ে দ্বিমত বা অস্বীকার করার সময় আপনি লিখিতভাবে এক বা একাধিক প্রারম্ভিক হস্তক্ষেপ পরিষেবা শুরু করার অনুমতি দিতে পারেন। আপনি যদি একটি নতুন IFSP সম্পূর্ণরূপে গ্রহণ না করেন, তাহলে আপনাকে এবং আপনার দলকে অবশ্যই সমস্যাটি সমাধান করার চেষ্টা করতে হবে। সহায়তার বিষয়ে একমত হওয়া অবশ্যই আনুমানিক শুরুর তারিখের মধ্যে শুরু হবে।

Individuals with Disabilities Education Act (IDEA) এর পার্ট C এর জন্য স্টেটগুলোকে শনাক্ত করতে হবে যে, স্টেট ও ব্যক্তিগত রিসোর্সগুলোর ব্যাবহার এবং ফেডারেল ফান্ড (যা সর্বশেষ রিসোর্টের পরিশোধকারী হিসেবে অব্যশ্যই বিবেচিত হবে) সহ কিভাবে তাদের প্রাথমিক হস্তক্ষেপ পরিষেবাগুলো অর্থায়ন করা হয়।

কানেকটিকাটে, স্টেট এবং ফেডারেল তহবিল Birth to Three পরিষেবার খরচের প্রায় 80% পূরণ করে। পরিবারের ব্যক্তিগত চিকিৎসা বিমা দ্বারা বাকি 20% বিলিং পূরণ করা হয়।

আপনি যদি আপনার পিতামাতার অধিকার এবং পেমেন্ট সিস্টেম সম্পর্কে আরো তথ্য চান, তাহলে অনুগ্রহ করে আপনার সার্ভিস কোঅর্ডিনেটরের দ্বারা প্রদত্ত Parent Rights and Early Intervention Funding ইস্তাহার দেখুন, অথবা ভিজিট করুন **birth23.org/families/family-resources/**।

Birth to Three-তে আমার দায়িত্বগুলো কী কী?

আপনার সন্তানের Birth to Three দলের সবচেয়ে গুরুত্বপূর্ণ সদস্য হিসেবে, প্রতিটি ভিজিটে সক্রিয় অংশগ্রহণকারী হওয়া আপনার দায়িত্ব। আপনার Birth to Three দলের সদস্যরা আপনাকে প্রচুর খোলামেলা প্রশ্ন, কোচিং, প্রদর্শন এবং চেষ্টা করতে বলার সাথে সম্পৃক্ত। তারা নিশ্চিত করবে যে তারা যা কিছু শেয়ার করছেন তা আপনি বুঝতে পেরেছেন এবং আপনি আপনার সন্তানের সাথে দেখা করার সময় এই নতুন দক্ষতাগুলো ব্যবহার করতে স্বাচ্ছন্দ্যবোধ করছেন।

আপনি সাক্ষাতের সময় সক্রিয়ভাবে অংশগ্রহণ করতে পারেন এমন কিছু উপায় নীচে দেওয়া হলো:

- এমন একটি ক্রিয়াকলাপের সময় আপনার সফরের সময়সূচি তৈরি করুন যার যে সময় আপনি আপনার প্রোভাইডারের কাছ থেকে সহায়তা চাইছেন, যেমন খাবারের সময়, স্নানের সময়, শিশু পরিচর্যায় ড্রপ-অফ (নির্দিষ্ট কোথাও রেখে আসা) বা আশেপাশে ঘুরে বেড়ানো।
- শেষ সাক্ষাৎ থেকে আপনি চেষ্টা করেছেন এমন কৌশলগুলোর মাধ্যমে কিভাবে বিষয়গুলো চলেছিল সে সম্পর্কে কথা বলুন।
- সাক্ষাতের সময় অনুশীলন করুন এবং আপনি নিশ্চিত না হলে সে বিষয়ে প্রশ্ন জিজ্ঞাসা করুন।
- আপনার প্রাইমারি সার্ভিস প্রোভাইডারের সাথে একটি সাক্ষাৎ পরিকল্পনা তৈরি করুন, আপনি টার্গেট করতে চান এমন একটি নির্দিষ্ট কার্যকলাপ এবং আপনার পরিকল্পনাকে সমর্থন করবে এমন কৌশলগুলো চিহ্নিত করুন।
- আপনার সন্তানের উপর প্রভাব ফেলতে পারে এমন কোনো প্রাসঙ্গিক তথ্য শেয়ার করুন যা গত Birth to Three এর ভিজিটের সময় ঘটেছে। এর মধ্যে চিকিৎসা বা বাইরের মূল্যায়ন অন্তর্ভুক্ত থাকতে পারে।

কিভাবে আমি আমার সাক্ষাৎ থেকে সবচেয়ে বেশি পেতে পারি?

আপনার ভিজিটের আগে

- প্রস্তুত থাকুন। আপনার জন্য সুবিধাজনক সময়ে আপনার সফরের সময় নির্ধারণ করুন, যাতে আপনি সাক্ষাতের সময় সক্রিয়ভাবে অংশগ্রহণ করতে পারেন। ভাইবোন এবং পরিবারের অন্যান্য সদস্য বা পরিচর্যাকারীদের স্বাগত জানানো হয় এবং উপস্থিত থাকলে তাদের সাক্ষাতে যোগ দেওয়ার জন্য আমন্ত্রণ জানানো হবে।

- এজেন্ডা পরিকল্পনা করুন। আপনার Birth to Three প্রোভাইডারকে জানতে দিন যে আপনি তাদের কোন কোন কার্যকলাপ পর্যবেক্ষণ করতে চান এবং আপনার সফরে আপনি কী আলোচনা করতে চান। আপনার শেষ ভিজিটের পর থেকে আপনার মনে হতে পারে এমন কোনো প্রশ্ন লিখুন।

- আপনার শেষ ভিজিটের পর থেকে যা ঘটেছে তা শেয়ার করার জন্য প্রস্তুত থাকুন। আপনি যে বিষয়গুলো শেয়ার করা গুরুত্বপূর্ণ মনে করেন সে সম্পর্কে চিন্তা করুন বা একটি তালিকা তৈরি করুন, যেমন ডাক্তারের কাছে যাওয়া বা রুটিনে পরিবর্তন। কোন পরামর্শগুলো ভালো কাজ করেছে এবং যেগুলো খুব একটা ভালো কাজ করেনি সেগুলো সম্পর্কে চিন্তা করুন।

আপনার ভিজিটের সময়

- প্রশ্ন জিজ্ঞাসা করুন। নিশ্চিত করুন যে তথ্য শেয়ার করাটা আপনি বুঝতে পারেন। যদি আপনি নিশ্চিত না হন যে কেন কিছু করা হচ্ছে তাহলে শুধু জিজ্ঞাসা করুন। যদি এটি সাহায্য করে তবে তথ্য লিখতে বলুন।

- ভিন্ন কিছু দেখানোর জন্য বলুন। আপনি যা বুঝতে পারেন না সেটা আবার দেখানোর জন্য বলুন। ভিজিটের সময় একসাথে কৌশলগুলো অনুশীলন করুন। শেখার উত্তম উপায় হলো হাতে-কলমে নির্দেশনা শেখা।

- ভিজিটগুলোর মধ্যে কৌশলগুলো পরিচালনা করার জন্য ধারণাগুলো নিয়ে আলোচনা করুন। ভিজিটের মধ্যে অনুশীলনের সময়টি ভিজিটের মতোই গুরুত্বপূর্ণ। দৈনন্দিন পারিবারিক কার্যকলাপের সময় কৌশল এবং ক্রিয়াকলাপগুলো ব্যবহার করার উপায়গুলো সম্পর্কে কথা বলার ব্যাপারে নিশ্চিত হয়ে নিন।

সফলতাগুলো উদযাপন করুন! এমনকি ছোটটিও!

আপনার ভিজিটের পরে

- বিষয়টি চেষ্টা করে দেখুন। আপনার পরিকল্পনা করা কার্যকলাপের মধ্যে আপনি বাছাই করা নতুন কৌশলগুলো অনুশীলন করুন। কোনটি কাজ করছে? কোনটি কাজ করে না?

- এটির একটি নোট তৈরি করুন। একটি মানসিক নোট তৈরি করতে বা ভিজিটের মধ্যে আসতে পারে এমন প্রশ্নের জন্য একটি নোটবুক রাখতে ভুলবেন না।

- আনন্দে থাকুন। আপনি ও আপনার সন্তান যখন আনন্দ করছেন তখন সর্বোত্তম শিক্ষা এবং শেখা হয়।

BIRTH TO THREE ত্যাগ করার সময় কখন?

আপনার পরিবারের Birth to Three অভিজ্ঞতার প্রতিটি পর্যায়ে ভবিষ্যতের জন্য চিন্তা করা এবং পরিকল্পনা করা ভালো। উত্তরণ (ট্রানজিশন) সম্পর্কে আলোচনা আপনার প্রথম IFSP মিটিং থেকে শুরু হয় এবং আপনার পরিবারের Birth to Three পর্যন্ত সময় জুড়ে চলবে। আপনি আপনার সার্ভিস কোঅর্ডিনেটরকে অবহিত করতে পারেন যে আপনি যেকোনো সময়ে Birth to Three-তে উত্তরণ (ট্রানজিশন) করতে চান; অথবা যদি আপনার সন্তানের আর প্রাথমিক হস্তক্ষেপের প্রয়োজন না হয় তবে আপনার সার্ভিস কোঅর্ডিনেটর Birth to Three সমর্থনের সমাপ্তি নিয়ে আলোচনা করতে পারেন।

আইন অনুসারে, বেশিরভাগ Birth to Three পরিষেবা এবং সহায়তা আপনার সন্তানের তিন বছর হলেই শেষ হয়ে যাবে। নতুন অংশীদাররা আপনার জীবনে প্রবেশ করতে পারে যেহেতু আপনি Birth to Three-কে বিদায়ের পরিকল্পনা করেছেন। যদি আপনার সন্তান তিন বছর বয়সের আগে চলে যায় বা যদি আপনার সন্তান প্রাথমিক শৈশব বিশেষ শিক্ষা গ্রহণ না করে, তাহলে আপনার সার্ভিস কোঅর্ডিনেটর আপনার কমিউনিটির অন্যান্য উপলভ্য কার্যক্রম শনাক্ত করতে আপনার সাথে কাজ করবে।

কমিউনিটি কার্যকলাপ

- লাইব্রেরি স্টোরির সময়
- স্থানীয় খেলার গ্রুপ
- হেড স্টার্ট
- বিনোদনমূলক প্রোগ্রাম
- কমিউনিটি নার্সারি স্কুল
- চাইল্ড কেয়ার সেন্টার্স

অনেকগুলো কমিউনিটি অপশন রয়েছেন বেছে নেওয়ার জন্য যেটা আপনি বা আপনার সন্তান উপভোগ করতে পারেন। আপনি যদি চান তাহলে আপনার সার্ভিস কোঅর্ডিনেটর আপনাকে কিভাবে একটি প্রোগ্রামে নথিভুক্ত করা যায় এবং সম্ভাব্য অর্থায়ন বা বৃত্তি সংক্রান্ত তথ্য সংগ্রহ করতে সাহায্য করতে পারে। আপনি পূর্বে লিখিত নোটিশ পাবেন যে Birth to Three পরিষেবা শেষ হচ্ছে এবং আপনার ট্রানজিশন প্ল্যান ডেভেলপ করার জন্য একটি ট্রানজিশন মিটিং অনুষ্ঠিত হবে।



যদি আপনার সন্তানের বয়স তিন বছরের বেশি বিশেষ শিক্ষা পরিষেবার প্রয়োজন হয়, তাহলে আপনার সার্ভিস কোঅর্ডিনেটর প্রাথমিক শৈশব বিশেষ শিক্ষা এবং সংশ্লিষ্ট পরিষেবাগুলোর জন্য আপনার সন্তানের যোগ্যতা নির্ধারণ করতে আপনার স্থানীয় পাবলিক স্কুল সিস্টেমের সাথে কাজ করতে আপনাকে সাহায্য করবে।

এই পরিবর্তনের জন্য পরিকল্পনা করার বিষয়টি যেকোনো সময় শুরু হতে পারে, কিন্তু সাধারণত আপনার সন্তানের বয়স তিন বছর হওয়ার আগে নয় মাসের মধ্যে এটি বৃদ্ধি পায়। কিছু প্রয়োজনীয়তা পূরণ করা হলে কিছু শিশু গ্রীষ্মের মাসগুলোতে 3 বছরের বেশি বয়সী (3 বছরের বেশি বয়সীদের EIS) প্রাথমিক হস্তক্ষেপ পরিষেবা এবং সহায়তার জন্য যোগ্যতা অর্জন করতে পারে। উত্তরণ (ট্রানজিশন) প্রক্রিয়া এবং 3 এর উপরে EIS সম্পর্কে আরো বেশি তথ্যের জন্য অনুগ্রহ করে হ্যান্ডবুক III পর্যালোচনা করুন: উত্তরণ (ট্রানজিশন) করার নির্দেশনা।